

ত্রী আল-কাহফ | Al-Kahf | الْكَهْف

আয়াতঃ ১৮:১০৭

💵 আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ أَمَنُوا وَ عَمِلُوا الصَّلِحُتِ كَانَت لَهُم جَنَّتُ الفِردَوسِ نُزُلًا ﴿١٠٧﴾

নিশ্চয় যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে, তাদের মেহমানদারির জন্য রয়েছে জান্নাতুল ফেরদাউস। — আল-বায়ান

যারা ঈমান আনে আর সংকাজ করে তাদের আপ্যায়নের জন্য আছে ফিরদাউসের বাগান। — তাইসিরুল যারা ঈমান আনে ও সং কাজ করে তাদের আপ্যায়নের জন্য আছে জান্নাতুল ফিরদাউস। — মুজিবুর রহমান Indeed, those who have believed and done righteous deeds - they will have the Gardens of Paradise as a lodging, — Sahih International

১০৭. নিশ্চয় যারা ঈমান এনেছে এবং সৎকাজ করেছে তাদের আতিথেয়তার জন্য রয়েছে জান্নাতুল ফিরদাউস।(১)

(১) فردوس এর অর্থ সবুজে ঘেরা উদ্যান। এটি আরবী শব্দ, না অনারব এ বিষয়ে মতভেদ রয়েছে। হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ "তোমরা যখন আল্লাহর কাছে প্রার্থনা কর, তখন জান্নাতুল ফিরদাউসের প্রার্থনা কর। কেননা, এটা জান্নাতের সর্বোৎকৃষ্ট স্তর। এর উপরেই আল্লাহর আরশ এবং এখান থেকেই জান্নাতের সব নহর প্রবাহিত হয়েছে।" [বুখারীঃ ২৭৯০, ৭৪২৩, মুসনাদে আহমাদঃ ২/৩৩৫]

তাফসীরে জাকারিয়া

(১০৭) নিশ্চয় যারা বিশ্বাস করে ও সৎকর্ম করে তাদের অভ্যর্থনার জন্য আছে ফিরদাউস বেহেশু।[1]

[1] ফিরদাউস জান্নাতের সর্বোচ্চ মর্যাদাসম্পন্ন স্থানকে বলা হয়। নবী (সাঃ) বলেছেন, যখন তোমাদের কেউ জান্নাত প্রার্থনা করবে তখন জান্নাতুল ফিরদাউস প্রার্থনা কর। কারণ ওটা হচ্ছে জান্নাতের সর্বোচ্চ অংশ, যেখান হতে জান্নাতের নহর (নদী)সমূহ প্রবাহিত হয়। (বুখারী, তাওহীদ অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2247

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন